

পেলভিক ব্যথা

কষ্টকর
পিরিয়ড

সহবাসের সময় বা পরে ব্যথা

প্রস্রাব করার সময় ব্যথা

কষ্টকর মলত্যাগ

অবসাদ

গর্ভবতী হতে অসুবিধা

এগুলির মধ্যে কোনোটির
অভিজ্ঞতা হয়?
এটি এন্ডোমেট্রিওসিস হতে পারে

অনেক মহিলা এবং যাদের মহিলা হিসেবে জন্ম হয়েছিল তারা পিরিয়ডের সময় ব্যথা অনুভব করেন, কিন্তু আপনার ব্যথা যদি আপনার দৈনন্দিন জীবনে হস্তক্ষেপ করে তাহলে আপনার ডাক্তারের সাথে দেখা করা সর্বোত্তম।

☎ হেল্পলাইন: ০৮০৮ ৮০৮ ২২২৭

🌐 www.endometriosis-uk.org

ENDOMETRIOSISUK



এন্ডোমেট্রিওসিস কি?

এন্ডোমেট্রিওসিস হলো এমন একটি অবস্থা যেখানে গর্ভের আচ্ছাদনের অনুরূপ কোষগুলি শরীরের অন্যত্র বৃদ্ধি পায়, সাধারণত পেলভিক গহ্বরের মধ্যে। প্রতি মাসে এই কোষগুলি গর্ভের কোষগুলির মতো মাসিক চক্রের সাথে ঠিক একইভাবে প্রতিক্রিয়া করে, তৈরি হয় তারপর ভেঙে যায় এবং রক্তপাত হয়। গর্ভের কোষগুলি যেভাবে পিরিয়ড হিসাবে শরীর থেকে বের হয়ে যায়, এই রক্তের সেভাবে পালানোর কোনো উপায় নেই। এটি প্রদাহ, ব্যথা এবং ক্ষতের টিস্যুর (আঠালো) গঠনের কারণ হতে পারে।

এন্ডোমেট্রিওসিস কোথায় বেড়ে উঠছে তার উপর নির্ভর করে ব্যক্তিভেদে লক্ষণগুলির অভিজ্ঞতা ভিন্ন ভিন্ন হতে পারে। কেউ কেউ খারাপভাবে আক্রান্ত হয়, আবার অন্যদের কোনো লক্ষণীয় উপসর্গ নাও থাকতে পারে। যদি আপনার পিরিয়ডের ব্যথা আপনার দৈনন্দিন জীবনে হস্তক্ষেপ করে তাহলে আপনার ডাক্তারের সাথে দেখা করা সর্বোত্তম। এন্ডোমেট্রিওসিস বয়ঃসন্ধি থেকে মেনোপজ পর্যন্ত ১০% মহিলা এবং যাদের মহিলা হিসেবে জন্ম হয়েছিল তাদেরকে আক্রান্ত করে, যদিও এর প্রভাব সারা জীবন অনুভূত হতে পারে - যা কিনা যুক্তরাজ্যে ১.৫ মিলিয়নেরও বেশি। এন্ডোমেট্রিওসিস একটি সংক্রমণ বা ক্যান্সার নয় এবং এটি এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তির কাছে যেতে পারে না।

আমার উপসর্গ আছে...আমি কি করতে পারি?

আপনাকে একটি রোগ নির্ণয় করতে এবং আপনার এন্ডোমেট্রিওসিস পরিচালনা করতে সাহায্য করার জন্য সহায়তা উপলব্ধ রয়েছে। আপনার জিপির সাথে কথা বলুন এবং আপনার উপসর্গগুলি সম্পর্কে যতটা সম্ভব তথ্য দেয়া নিশ্চিত করুন। ব্যথা এবং উপসর্গের একটি ডায়েরি রাখা, আপনি যে উপসর্গগুলি অনুভব করছেন তা ব্যাখ্যা করতে আপনাকে সাহায্য করতে পারে। এন্ডোমেট্রিওসিস সম্পর্কে আরও জানতে এবং আপনার জিপির সাথে কথা বলার ব্যাপারে নির্দেশনার জন্য আমাদের ওয়েবসাইট ভিজিট করুন।

এন্ডোমেট্রিওসিস যুক্তরাজ্য (ENDOMETRIOSIS UK) কিভাবে সাহায্য করতে পারে?

ব্যথা এবং উপসর্গের একটি ডায়েরি এবং একটি রোগ নির্ণয় পেতে সাহায্য করার জন্য নির্দেশিকা, সেই সাথে আমাদের স্থানীয় সহায়তা গোষ্ঠীর বিশদ বিবরণ, অনলাইন আলোচনা ফোরাম এবং হেল্পলাইন সহ আমাদের ওয়েবসাইটে বিভিন্ন তথ্য সংস্থান রয়েছে।

📞 হেল্পলাইন: ০৮০৮ ৮০৮ ২২২৭

🌐 www.endometriosis-uk.org

ENDOMETRIOSISUK

